আমাদেরসময়

তারিখ 29 DEC 2015 পৃষ্ঠা ৩ কলাম ৪

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীসহ নিহত ৯

আমাদের সময় ডেস্ক •

সারা দেশে গতকাল সড়ক দুর্ঘটনায় কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্র, সাংবাদিক, ট্রাফিক পুলিশ ও শিশুসহ নয়জন নিহত হয়েছেন। তাদের মধ্যে ময়মনসিংহে ২, বগুড়ায় ২, টাঙ্গাইলে ১, গাজীপুরে ১, গাইবান্ধার সাদুল্যাপুরে ২ ও যশোরে ১ জন রয়েছেন। প্রতিনিধিদের পাঠানো খবর–

সড়কদুর্ঘটনা

ময়মনসিংহ : ময়মনসিংহ-ঢাকা মহাসড়কের ত্রিশালের বিশ্ববিদ্যালয় মোড় এলাকায় গতকাল রাত সাড়ে ৭টার দিকে বাসচাপায় জাতীয় কবি কাজী নজরুল-ইসলাম বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী নিহত হন। তারা হলেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রথম বর্ষের ছাত্র আব্দুল্লাহ আল মামুন এবং একই বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র মাহফুর রহমান আসিফ। এ ঘটনার প্রতিবাদে আজ বিশ্ববিদ্যায়ের সকল পরীক্ষা ও ক্লাস বন্ধ করে কালো পতাকা উত্তোলন করা হবে এবং বাদ জোহর ক্যাম্পাসে গায়েবানা জানাজা অনুষ্ঠিত হবে বলে জানা গেছে।

বগুড়া : ঢাকা-বগুড়া মহাসড়কের শাজাহানপুর উপজেলার নির্মাণাধীন থানা ভবনের সামনে বিকাল ৪টার দিকে যাত্রীবাহী বাসের সঙ্গে সিমেন্টবোঝাই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুজন নিহত ও কমপক্ষে ১২ জন আহত হন। নিহতরা হলেন– দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলার আবদুর রাকিবের মেয়ে রেনাত আজমির (৪) ও একই এলাকার রবিনের স্ত্রী রমেনা বেগম।

গাজীপুর : ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের কালিয়াকৈর উপজেলার শ্রীফলতলী এলাকায় ভোরে পিকআপ ও যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষে পিকআপচালক সাইদুল ইসলাম নিহত এবং আবদুল মান্নান ও মোজাম্মেল হক নামে দুজন আহত হন। সাইদুল জামালপুরের সদর উপজেলার খামারপাড়া এলাকার শাহ আলমের ছেলে।

গাইবান্ধা : সাদুল্যাপুর উপজেলার ফরিদপুর ইউনিয়নের জামালপুর এলাকায় গত রোববার রাতে মাটিবোঝাই একটি ট্রাক্টরের [illegible]

এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

## কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের

(৩ এর পৃষ্ঠার পর) নিচে চাপা পড়ে রিপন মিয়া (১০) নামে এক শিশু নিহত হন। রিপন মিয়া ওই গ্রামের নুরুল ইসলামের ছেলে। এ ছাড়া রাত ২টার দিকে ঢাকা-রংপুর মহাসড়কের গোবিন্দগঞ্জ উপজেলার চাপড়ীগঞ্জ নামক স্থানে ট্রাক ও বাসের সংঘর্ষে শফিকুল ইসলাম নামে বাসের হেলপার নিহত ও কমপক্ষে ১৫ যাত্রী আহত হন। শফিকুল রংপুরের পীরগঞ্জ থানার শাহপুর গ্রামের মৃত আবুল হোসেনের ছেলে।

যশোর : যশোর-বেনাপোল সড়কের নাভারন ব্রিজের কাছে রোববার রাতে মোটরসাইকেল-নসিমনের মুখোমুখি সংঘর্ষে আরিফুল ইসলাম নামে এক সাংবাদিক নিহত হন। আরিফুল ইসলাম দৈনিক বজ্রশক্তি নামে একটি পত্রিকার যশোর ব্যুরো-প্রধান হিসেবে কর্মরত ছিলেন।